

রেজিস্টার্ড নং ডি এ-১



# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১২, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৬ কার্তিক ১৪১৫ বঙ্গাব্দ/১০ নভেম্বর ২০০৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩০১-আইন/২০০৮।—এসিড নিয়ন্ত্রণ আইন, ২০০২ (২০০২ সনের ১নং আইন) এর ধারা ৫১ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

- ১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তির চিকিৎসা, আইনগত সহায়তা ও পুনর্বাসন বিধিমালা, ২০০৮ নামে অভিহিত হইবে।
- ২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—
  - (ক) “আইন” অর্থ এসিড নিয়ন্ত্রণ আইন, ২০০২ (২০০২ সনের ১নং আইন);
  - (খ) “এসিড” অর্থ আইনের ধারা ২ এর দফা (খ) তে সংজ্ঞায়িত এসিড;
  - (গ) “এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তি” অর্থ আইনের ধারা ২ এর দফা (গ) তে সংজ্ঞায়িত এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তি;
  - (ঘ) “ফরম” অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত ফরম;
  - (ঙ) “জেলা কমিটি” অর্থ আইনের ধারা ৭ এর অধীন গঠিত জাতীয় এসিড নিয়ন্ত্রণ কাউন্সিলের জেলা কমিটি।

( ৬৭৪১ )

মূল্য : টাকা ৪.০০

৩। চিকিৎসক কর্তৃক এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তির চিকিৎসা প্রদানের বিষয় অবহিতকরণ ।—(১) এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত কোন ব্যক্তির চিকিৎসা প্রদানকারী চিকিৎসক, তদ্কর্তৃক চিকিৎসা প্রদানের বিষয়টি সংশ্লিষ্ট হাসপাতালের প্রধান প্রশাসনিক নির্বাহীর মাধ্যমে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নিকটস্থ পুলিশ স্টেশনের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে টেলিফোনে ও লিখিতভাবে অবহিত করিবেন।

(২) মেট্রোপলিটন এলাকায়, এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত কোন ব্যক্তির চিকিৎসা প্রদানকারী চিকিৎসক, চিকিৎসা প্রদানের বিষয়টি সংশ্লিষ্ট হাসপাতালের প্রধান প্রশাসনিক নির্বাহীর মাধ্যমে নিকটস্থ পুলিশ স্টেশনের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও সংশ্লিষ্ট হাসপাতাল সমাজসেবা কর্মকর্তাকে অবহিত করিবেন।

৪। চিকিৎসা সনদপত্র প্রদান।—এই বিধিমালার অধীন চিকিৎসা প্রদানকারী চিকিৎসক এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত কোন ব্যক্তির দেহের প্রতিক্রিয়া, জখম, ইত্যাদি বিষয়ে তাৎক্ষণিকভাবে ফরম-১ এ বর্ণিত ছকে চিকিৎসা সনদপত্র প্রদান করিবেন।

৫। এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তির বিশেষায়িত চিকিৎসা।—এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত কোন ব্যক্তির চিকিৎসা প্রদানকারী চিকিৎসক প্রাথমিক পর্যবেক্ষণ বা চিকিৎসার যে কোন পর্যায়ে যদি মনে করিয়া থাকেন যে, সংশ্লিষ্ট ব্যক্তির বিশেষায়িত চিকিৎসার প্রয়োজন তাহা হইলে রোগীকে ক্ষেত্রমত বার্গ বা প্লাস্টিক সার্জন বা চক্র বিশেষজ্ঞ বা প্রয়োজনীয় বিশেষায়িত চিকিৎসা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করিবেন বা, সম্ভাব্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট বিশেষায়িত চিকিৎসা বিভাগের মতামত গ্রহণপূর্বক প্রয়োজনীয় চিকিৎসা সেবা নিশ্চিত করিবেন অথবা জেনারেল সার্জানী ইউনিটে প্রেরণ করিবেন।

৬। এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তির চিকিৎসা সহায়তা, ইত্যাদি।—(১) বিধি ৩ এর অধীন সংবাদ অবহিত হইবার বা প্রাপ্তির পর, যথাশীত্র সম্মত, উপজেলা নির্বাহী কর্মকর্তা, বা ক্ষেত্রমত, জেলা সমাজ সেবা কর্মকর্তা এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত সংশ্লিষ্ট ব্যক্তির চিকিৎসার খোঁজ-খবর লইবেন এবং বিষয়টি জাতীয় এসিড নিয়ন্ত্রণ কাউন্সিলের জেলা কমিটির চেয়ারম্যানকে অবহিত করিবেন।

(২) জেলা কমিটি চেয়ারম্যান এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত সংশ্লিষ্ট ব্যক্তির চিকিৎসার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দসহ সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন-এর মাধ্যমে চিকিৎসা সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৩) জেলার সিভিল সার্জন সরকার কর্তৃক দুঃস্থ ব্যক্তিদের চিকিৎসার জন্য তাহার অনুকূলে প্রদত্ত বরাদ্দ বা তহবিল হইতে এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য উপযুক্ত পরিমাণ আর্থিক ও চিকিৎসা সহায়তা প্রদান করিবেন এবং উহা জেলা কমিটির চেয়ারম্যানকে অবহিত করিবেন।

(৪) সিভিল সার্জন, জেলা কমিটির চেয়ারম্যান এর সহায়তায়, প্রয়োজনীয় ক্ষেত্রে, কোন এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তির প্রয়োজনীয় চিকিৎসার লক্ষ্যে নিকটস্থ বা বিভাগীয় শহরে অবস্থিত সরকারী মেডিকেল কলেজ হাসপাতালের ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টার বা কোন বেসরকারী হাসপাতাল বা ক্লিনিকে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করিবেন।

৭। এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তির আইনগত সহায়তা।—(১) এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে প্রয়োজনীয় আইনগত সহায়তা প্রদানের জন্য জেলা কমিটির চেয়ারম্যান আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬নং আইন) এর অধীন গঠিত সংশ্লিষ্ট জেলা আইনগত সহায়তা প্রদান কমিটির চেয়ারম্যানকে লিখিতভাবে অনুরোধ করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন অনুরোধ প্রাপ্তির পর জেলা আইনগত সহায়তা প্রদান কমিটির চেয়ারম্যান আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ এর বিধান সাপেক্ষে এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত সংশ্লিষ্ট ব্যক্তিকে প্রয়োজনীয় আইনগত সহায়তা প্রদানের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৮। এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তির পুনর্বাসন সহায়তা, ইত্যাদি।—(১) জেলা সমাজসেবা কর্মকর্তা সংশ্লিষ্ট জেলার এসিড দ্বারা ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন কেন্দ্র যথাযথভাবে পরিচালনা করিবেন।

(২) জেলা কমিটির চেয়ারম্যান এসিড দ্বারা ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন কেন্দ্র যথাযথভাবে পরিচালিত হইতেছে কিনা উহার তদারকি করিবেন।

(৩) প্রয়োজন বিচেনায়, জেলা সমাজসেবা কর্মকর্তা সংশ্লিষ্ট জেলায় এসিড দ্বারা ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন কেন্দ্র হিসাবে ঘোষণা করা যাইতে পারে এইরূপ সরকারী স্থাপনা চিহ্নিত করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি জেলা কমিটির চেয়ারম্যানকে অবহিত করিবেন।


(৪) জেলা সমাজসেবা কর্মকর্তা, জেলা কমিটির অনুমোদনক্রমে, সংশ্লিষ্ট জেলায় এসিড দ্বারা ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন কেন্দ্রে শিক্ষা, কারিগরী ও বিনোদনমূলক ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে ঋণ গ্রহণ ও অন্যান্য সতায়তা প্রদানে স্থানীয় পর্যায়ে সামাজিক সচেতনতা ও সম্প্রস্তুতামূলক পদক্ষেপ গ্রহণ করিতে পারিবেন।

৯। প্রদত্ত সহায়তা সম্পর্কে প্রতিবেদন প্রেরণ।—জেলা কমিটির চেয়ারম্যান সংশ্লিষ্ট জেলায় এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের অনুকূলে প্রদত্ত চিকিৎসা, ঋণ, পুনর্বাসন, আইনগত ও অন্যান্য সহায়তাসহ কমিটি কর্তৃক গৃহীত ও সম্পাদিত কার্যাবলী বিষয়ে প্রতি বৎসর জানুয়ারী ও জুলাই মাসে পূর্ববর্তী ছয় মাসের বিস্তারিত প্রতিবেদন ফরম-২ এ বর্ণিত ছকে জাতীয় এসিড নিয়ন্ত্রণ কাউন্সিলের চেয়ারম্যান বরাবরে প্রেরণ করিবেন।

## ফরম-১

চিকিৎসা সনদপত্র

[ বিধি ৪ দ্রষ্টব্য ]



স্মারক নং

তারিখ :

সূত্র :

১. মেডিকেল পরীক্ষা/চিকিৎসা প্রদানকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :
২. ভিকটিমের পরিচয়
  - (ক) নাম :.....
  - (খ) বয়স (ভাষ্যমতে)..... (গ) লিংগ :..... (ঘ) ধর্ম :..... (ঙ) পেশাঃ.....
  - (চ) ১. পিতা :.....
  ২. মাতা :.....
  ৩. স্বামী :.....
- (ছ) ঠিকানা—
  ১. বর্তমান ঠিকানা :.....
  ২. স্থায়ী ঠিকানা :.....
৩. সনাক্তকারী/আনয়নকারীর নাম ও ঠিকানা :.....
৪. পরীক্ষার দিন, তারিখ ও সময় :.....
৫. সনাক্তকরণ চিহ্ন (যদি থাকে) :.....
- (ক) .....
- (খ) .....
৬. ঘটনার সংক্ষিপ্ত বিবরণ (ভিকটিম/আনয়নকারীর ভাষ্যমতে) :—
  - (ক) ঘটনাস্থল :.....
  - (খ) ঘটনার দিন, তারিখ ও সময় :.....
  - (গ) ঘটনার বিবরণ :.....

৭. ক্যামিক্যাল বা অগ্নিদগ্ধ (দহনকারী/ক্ষয়কারী/বিষাক্ত) :
৮. জখমের বর্ণনা : অন্যান্য আঘাত/জখম
- (ক) .....
- (খ) .....
- (গ) .....
৯. (ক) জখমের স্থান :.....
- (খ) জখম/অগ্নিদগ্ধের হার (Percentage of Burn).....
- (গ) জখমের ধরণ : Deep/Mixed/Superficial.....
- (ঘ) দর্দের কারণ :.....
১০. জখমের প্রকৃতি : (ক) সাধারণ জখম    (খ) মারাত্মক (Grievous) জখম
১১. উন্নত চিকিৎসার জন্য অন্য কোন হাসপাতালে প্রেরণের পরামর্শ : (সরকারী হাসপাতাল)
১২. মতামত :

পরীক্ষাকারী চিকিৎসকের নাম :.....  
 সীলসহ স্বাক্ষর :.....  
 রেজিঃ নং :.....

## ফরম-২

## [ বিধি ৯ দ্রষ্টব্য ]

এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে প্রদত্ত চিকিৎসা, খণ্ড, পুনর্বাসন, আইনগত ও অন্যান্য সহায়তা  
সম্পর্কিত তথ্য।

জেলা :.....

সময় : জানুয়ারি/জুলাই,..... হতে জুন/ডিসেম্বর,..... পর্যন্ত

ক্রমিক নং	এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তির নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, বয়স	এসিড আক্রান্ত হওয়ার তারিখ	প্রদত্ত চিকিৎসা, খণ্ড, আইনগত ও অন্যান্য সহায়তার বিবরণ
.....	.....	.....	.....

চেয়ারম্যান  
জেলা এসিড নিয়ন্ত্রণ কমিটি  
.....

বরাবর,  
চেয়ারম্যান,  
জাতীয় এসিড নিয়ন্ত্রণ কাউন্সিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মনোয়ারুল ইসলাম  
উপ-সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)